চুয়াডাঙ্গায় বাস-মোটরসাইকেল সংঘর্ষে নিহত-১

চুয়াডাঙ্গা সদর উপজেলায় বাস-মোটরসাইকেল সংঘর্ষে ঢাকাগামী যাত্রীবাহী একটি বাসের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী তরুণ নিহত হয়েছেন।

শুক্রবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের ডিঙ্গেদহ বাজারের অদূরে পাঁচমাইল বাজার এলাকায় মেহেরপুর-ঢাকা মহাসড়কে এ ঘটনা ঘটে।

বাস-মোটরসাইকেল সংঘর্ষে নিহত তরুণের নাম মো. আলামিন হোসেন (২৫)। তিনি সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের মানিকদিহি গ্রামের মো. জবেদ আলীর ছেলে। দৈনন্দিন জীবন নিহত তরুণ ডিঙ্গেহদ বাজারে পিঁয়াজু চপ ফুচকা ও চটপটি বিক্রেতা ছিলেন।

পাঁচমাইল বাজার এলাকার বাসিন্দা ও স্থানীয় সূত্রে জানা যায় আলামিন সদর উপজেলার সরোজগঞ্জ হাট থেকে মোটরসাইকেলে করে গ্রামের বাড়িতে ফিরছিলেন। পাঁচমাইল বাজারের মসজিদের কাছাকাছি পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী পরিবহন রয়েল এক্সপ্রেস নামের একটি বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান তিনি। তার শরীরের প্রধান অংশ মাথা ও বুক ছিন্নভিন্ন হয়ে যায়।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহাব্বুর রহমান কাজল বলেন, ঘটনার পর বাস নিয়ে পালিয়ে গেছেন চালক। তাঁকে ধরার চেষ্টা চলছে। আর নিহত তরুণের লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গার সার্বিক পরিস্থিতি

তুলে ধরায় দিলীপ কুমার আগরওয়ালাকে প্রধানমন্ত্রী নির্দেশনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফুলেল শুভেচ্ছা বিনিময় এবং সাক্ষাৎ করেছেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য চুয়াডাঙ্গার কৃতী সন্তান দিলীপ কুমার আগরওয়ালা।

গতকাল বৃহস্পতিবার দুপুরে গণভবনে জন্মাষ্টমী উপলক্ষে আয়োজিত শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সাথে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় দিলীপ কুমার আগরওয়ালা আসন্ন জাতীয় সংসদ নির্বাচন, দলীয় নানা বিষয়সহ চুয়াডাঙ্গার সার্বিক পরিস্থিতি জাতির জনকের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে তুলে ধরেন। অনুষ্ঠানের ফাঁকে এ সাক্ষাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাসি মুখে দিলীপ কুমার আগরওয়ালার সব কথা মনোযোগ দিয়ে শোনেন এবং চুয়াডাঙ্গাবাসীর উন্নয়নে করা সকল কাজ অব্যাহত রাখার নির্দেশ দেন।

এরপর জন্মাষ্টমীর অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, এদেশে যারা জন্মগ্রহণ করেছেন তারা যে ধর্মেরই হোক, কেউই সংখ্যালঘু নয়।এদেশে সব ধর্মের মানুষের অধিকার প্রতিষ্ঠা করেছে আওয়ামী লীগ সরকার। আর ধর্ম যার যার, উৎসব সবার-এই নীতিতে আওয়ামী লীগ সরকার বিশ্বাস করে। তাই নিজেদের সংখ্যালঘু না ভাবতে সনাতন ধর্মের মানুষের প্রতি আহ্বান জানান সরকার প্রধান।

প্রধানমন্ত্রী বলেন, সরকার সব ধর্মের উন্নয়নে সমানভাবে কাজ করছে। মসজিদভিত্তিক শিক্ষার যেমন ব্যবস্থা করা হয়েছে, তেমনি মন্দিরভিত্তিক শিক্ষারও ব্যবস্থা করা হয়েছে। হিন্দুরা মন্দিরে যাবে আর মুসলিমরা মসজিদে যাবে। সবার ধর্মের প্রাথমিক শিক্ষাও এখান থেকে নিশ্চিত হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরও বলেন, শ্রী কৃষ্ণের আবির্ভাব হয়েছিল দুষ্টের দমন শিষ্টের লালনের জন্য। সেই শিক্ষা বাস্তবায়নের তাগিদ দেন সরকারপ্রধান। প্রধানমন্ত্রী বলেন, সব ধর্মের মর্মবাণী এক ও অভিন্ন। ভাষা হয়ত ভিন্ন হতে পারে। আমাদের দেশের কিছু মানুষ বিদেশে গিয়ে বাংলাদেশের বদনাম করে। তাদের ব্যাপারে সতর্ক থাকার

আহ্বানও জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এবিষয়ে দিলীপ কুমার আগরওয়ালার সাথে যোগাযোগ করা হলে, তিনি এ প্রতিবেদককে বলেন, শুভ জন্মাষ্টমী উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে গণভবনে গিয়েছিলাম। শুভেচ্ছা বিনিময় ও ফুলেল শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রীকে অনেক কথা বলার সুযোগ পেয়েছি। আমি যখন আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও দলীয় নানা বিষয়সহ চুয়াডাঙ্গার সার্বিক পরিস্থিতি প্রধানমন্ত্রীকে অবহিত করছিলাম, তখন ওনি খুব মনোযোগ দিয়ে আমার কথাগুলো শোনেন। এছাড়া গত দশ বছর যাবত চুয়াডাঙ্গা জেলায় আমি যেসব উন্নয়নমুলক কর্মকাণ্ড পরিচালনা করছি সেবিষয়েও কিছুটা বলার সুযোগ প্রধানমন্ত্রী আমাকে দিয়েছিলেন। আমার সব কথা শোনার পর প্রধানমন্ত্রী হাসিমুখেই আমাকে নানা নির্দেশনা দেন। এছাড়া জননেত্রী তখন আমাকে আগামী দিনের পথচলার সকল নির্দেশনা প্রদান করেন এবং আরও বলেন আমি যেভাবে চুয়াডাঙ্গাবাসীর সঙ্গে আছি এবং তাদের উন্নয়নে কাজ করে যাচ্ছি সেই কাজ যেন অব্যাহত রাখি।

দিলীপ কুমার আরও বলেন, আমি জননেত্রীকে কথা দিয়েছি, আমরণ নৌকার পক্ষে এবং প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী রাখতে এবং দেশবাসীর উন্নয়নে কাজ করে যাব।

আলমডাঙ্গায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান : একজনকে কারাদন্ড

আলমডাঙ্গার গড়চাপড়া গ্রামের শুভ রহমান (২৮) নামের এক গাঁজা ব্যবসায়ীকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার চুয়াডাঙ্গা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে অভিযান চালিয়ে আসামীকে তার বাড়ি থেকে গাঁজাসহ আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালতে বিচারে তাকে সাজা দেয়া হয়।

সাজাপ্রাপ্ত আসামী শুভ রহমান জেহালা ইউনিয়নের গড়চাপড়া পূর্বপাড়ার ইয়াজউদ্দিন কালুর ছেলে।

জানা গেছে,চুয়াডাঙ্গা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিনসহ জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানেকালে শুভ রহমানকে তার নিজ বাড়ি থেকে ৫০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়। আটকের পর এক্সিকিউট ম্যাজিস্ট্রেট আসামীকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২শ’ টাকা জরিমানা করেন।

জীবননগরে পিওর ফিডের আঞ্চলিক ডিপোর উদ্বোধন

জীবননগরে পিওর ফিডের আঞ্চলিক ডিপো মের্সাস সরদার ফিড কর্ণারের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর পৌর শহরের হাসপাতাল পাড়ায় পিওর ফিডের আঞ্চলিক ডিপোর কার্যলয় উদ্বোধন করা হয়।

জীবননগরে পিওর ফিডের আঞ্চলিক ডিপো মের্সাস সরদার ফিড কর্ণারের মালিক মোঃ হযরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগরে পিওর ফিডের আঞ্চলিক ডিপো মের্সাস সরদার ফিড কর্ণারের শুভ উদ্বোধন করেন পিওর ফিডের জেনারেল ম্যানেজার আমির ওয়াবেছ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ন্যাশনাল সেলস ম্যানেজার এম, এ গাফফার সুমন, রিজিওনাল ম্যানেজার সাখাওয়াত হোসেন, এরিয়া সেলস ম্যানেজার বখতিয়ার উদ্দীনসহ এলাকার বিশিষ্ঠ ব্যবসায়ী ও খামারীগন উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর থানার সেলস অফিসার আবুল কালাম আযাদ।

চুয়াডাঙ্গা পৌর এলাকা থেকে ইজিবাইক চালকের কঙ্কাল উদ্ধার

কুষ্টিয়া থেকে অপহৃত ইজিবাইকচালক সবুজ মন্ডলের (৩০) কঙ্কাল চুয়াডাঙ্গা পৌর এলাকা ঘোড়ামারা ব্রিজের নিচে থেকে উদ্ধার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার বিকেলে চুয়াডাঙ্গা সদরের ঘোড়ামারা ব্রিজ এলাকা থেকে সবুজের বস্তাবন্দি কঙ্কাল উদ্ধার করা হয়। গত ২০ আগস্ট থেকে নিখোঁজ ছিলেন সবুজ।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো: আনিসুজ্জামান জানান, এ ঘটনায় কুষ্টিয়ার বাড়াদী থানাপাড়ার বাচ্চু মন্ডলের ছেলে সবুজ মন্ডল ছিলেন একজন ইজিবাইকচালক। তার ইজিবাইকটি হাতিয়ে নেওয়ার উদ্দেশ্যে তিন যুবক তার ইজিবাইক ভাড়া নিয়ে তাকে কৌশলে হত্যা করে কুষ্টিয়া থেকে লাশ নিয়ে এসে ফেলে রেখে যায় চুয়াডাঙ্গার ঘোড়ামারা ব্রিজের কাছে। অনুসন্ধান চালিয়ে কুষ্টিয়া পুলিশ ঘাতক তিনজনকে আটক করে। তাদের স্বীকারোক্তি অনুযায়ী আজ বৃহস্পতিবার বিকেলে কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে।

তিনি আরো জানান, এ ঘটনায় পুলিশ কুষ্টিয়ার বারখাদা ত্রিমহনী গ্রামের নজরুল ইসলামের ছেলে জনি হোসেন (২৮), বারাদী কানাবিল এলাকার শফিকুল ইসলামের ছেলে তুষার ইসলাম (২১) ও চাকুলিয়া গ্রামের সরোয়ার প্রামাণিকের ছেলে বাচ্চ প্রামানিককে (২৬) আটক করেছে। পরবর্তি আইনগত বিষয় প্রক্রিয়াধীন রয়েছে।

আলামিনের উদ্ধৃতি দিয়ে পুলিশ জানায়, ২০ আগস্ট সবুজ মন্ডলকে হত্যা করা হয়। সেইদিনই একটি অ্যাম্বুলেন্সে করে তার লাশ চুয়াডাঙ্গা ঘোড়ামাড়া ব্রিজ এলাকার পাশে ঘাতকরা ফেলে রেখে চলে যায়।

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যুব মহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার আইলহাস ইউনিয়নের কুটি পাইক যুব মহিলা লীগের উঠান বৈঠক ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি আফরোজ পারভিন এর নেতৃত্ব বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় রোকসানা ইয়াছমিন এর বাড়িতে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় উঠান বৈঠক ও গণসংযোগ করে যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী বসির উদ্দিন, আসের আলী, মহিলা মেম্বর সাবিয়া, তাপসি, মজিরন এছাড়াও অনান্য মহিলা মেম্বারসহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

দামুড়হুদার জয়রামপুরে ট্রেনে কাটা পড়ে প্রতিবন্ধীর মৃত্যু

দামুড়হুদা উপজেলার জয়রামপুর পুরাতন ঐতিহ্যবাহী রেল স্টেশনে গেট আছে কিন্তু গেটম্যান নাই, রেলওয়ের পথ ঝুঁকিপূর্ণ হয়ে পারাপার হচ্ছে সাধারণ মানুষ গেটম্যান না থাকায় স্থানীয় লোকজন সব সময় আতঙ্কে রয়েছেন, এবং পথচারীরা বলছেন কখন রেল লাইনে ট্রেন আসবে এটাও কোন নির্দিষ্ট টাইম নাই। ট্রেন আসার আগেই গেট বন্ধ করবে নিরাপত্তা নিশ্চিত করবে গেটম্যান, অথচ জয়রামপুর ষ্টেশনে একজনও গেটম্যান নেই। জয়রামপুর রেল স্টেশনের উপর দিয়ে প্রায় প্রতিদিন ১থেকে ২হাজার মানুষ পারাপার হয় এবং মটর সাইকেল সাইকেল পাখি ভ্যান প্রাইভেটকার ট্রাক পার হয়, এবং এই ঝুঁকিপূর্ণ দায় নেবে কে রেল কর্তৃপক্ষ না জনসাধারণ মানুষ, জয়রামপুর রেল স্টেশনের ট্রেন ক্রসিং থাকলেও নেই গেটম্যান, প্রতিনিয়ত ঘটছে ছোট বড় দুর্ঘটনা এই রেল ক্রসিং গুলোতে মানুষ এবং যানবাহন পারাপার হতে গিয়ে প্রায়ই সময় প্রাণহানীসহ ঘটছে বড় ধরনের দুর্ঘটনা।

আজ বৃহস্পতিবার জয়রামপুর রেলস্টেশন গেটে আবারো একজন শারীরিক প্রতিবন্ধীর ট্রেনে কেটে মৃত্যু হয়েছে। বিকাল ৩ টা ৪০ মিনিটে সুন্দরবন এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে ওই ব্যক্তির মৃত্যু হয়। ট্রেনে কাটা প্রতিবন্ধী ব্যক্তি ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর থানার অন্তর্গত সব্দালপুর লক্ষ্মীপুর গ্রামে বাড়ি নাম মুরাদ (৫৫)। নিহত মুরাদ শারীরিকভাবে প্রতিবন্ধী ছিলো। জীবন পরিচালনার জন্য বিভিন্ন সময় বিভিন্ন এলাকা থেকে মানুষের কাছে সাহায্য সহযোগিতা নিয়ে জীবন চালায়। একইভাবে গত কয়েকদিন আগে জয়রামপুর রেলস্টেশনে প্লাটফর্মে এসে অবস্থান করে।আজ বৃহস্পতিবার দুপুরের খাবার খাওয়ার জন্য স্টেশন পারাপার হতে গিয়ে দ্রুতগামী সুন্দরবন এক্সপ্রেস ট্রেনটি ধাক্কা মেরে স্টেশন এর গেটের উপর থেকে ২০০ মিটার টেনে নিয়ে যায়। স্থানীয় লোকজন দেখে ট্রেন যাওয়ার পরেই ছুটে যায় আহত মুরাদের কাছে। যাওয়ার কিছুক্ষণ পরেই মুরাদ শেষ নিঃস্বাস ত্যাগ করে।

স্থানীয় লোকজন বলে মুরাদের শরীরের বিভিন্ন অঙ্গে ক্ষতচিহ্ন দেখা যায় এবং দুই পা ভেঙ্গে গুড়িয়ে যায়, মাথার পিছনের অংশ কেটে অনেক বড় ক্ষত দেখা যায়। মৃত্যুর কারণ সম্পর্কে স্থানীয় লোকজনের কাছে জানতে চাইলে তারা বলেন, জয়রামপুর স্টেশনে দীর্ঘদিন গেটম্যান না

থাকায় কয়েক বছর ধরে এখানে নানা দুর্ঘটনা ঘটে চলেছে। আজ যদি গেট ম্যান থাকতো তাহলে এমন দূর্ঘটনা ঘটতে পারতো না।

এ বিষয়ে রেলওয়ে পুলিশ সদস্য আতাউর রহমানের কাছে জানতে চাইলে তিনি বলেন আমরা খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে উপস্থিত হয়। এখান থেকে মৃত ব্যক্তিকে দর্শনা পুলিশ ক্যাম্পে নিয়ে আইনি প্রক্রিয়ায় কার্যক্রম শেষে দাফন করার জন্য আত্মীয়-স্বজনের কাছে হস্তান্তর করা হবে।

রেলওয়ে ঊর্ধ্বতন কর্মকর্তা ও কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছে এলাকার জন সাধারণ ও সচেতন মহল।

দর্শনায় শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী পালিত

সনাতন ধর্মাবলম্বীদের দেবতা ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মতিথি ও শাস্ত্রমতে ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহন করেছিলেন ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের আষ্টমী তিথিতে। তার জন্মতিথিকে ঘিরে চুয়াডাঙ্গার বিভিন্ন স্থানে জাঁকজমক পূর্ণভাবে শ্রী কৃষ্ণের ৫২৪৯ তম জন্মদিনে শুভ জন্মাষ্টমী ২০২৩ পালিত হয়েছে।

দেশের হিন্দু সম্পদায় ভাব গাম্ভীর্য ও ঢাক ঢোল পিটিয়ে উৎসবের মধ্যে দিয়ে এই উপলক্ষে সনাতন ধর্মলম্বীরা শান্তিপূর্ণভাবে শোভাযাত্রা বের করে দর্শনার বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে । চুয়াডাঙ্গা, আলমডাঙ্গ, দর্শনা,গড়াই টুপি সহ বিভিন্ন স্থানে এই শোভাযাত্রা র্যালি হয়।

আজ বুধবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা পুরাতন বাজার মন্দির কমিটির উদ্যোগে অনুষ্ঠিত শোভাযাত্রায় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলি মুনসর বাবু, চুয়াডাঙ্গা সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা, দর্শনা পৌর মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দর্শনা থানার অফিসার ইনচার্জ(ওসি) বিপ্লব কুমার সাহা, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব মোঃ গোলাম ফারুক আরিফ,

দামুড়হুদা উপজেলার সম্মেলন কমিটির আহবায়ক উত্তম কুমার দেবনাথ,পুরাতন বাজার পূজা মন্দির কমিটির সভাপতি প্রন্ত কুমার দেবনাথ,সাধারণ সম্পাদক মিল্টন কুমার শাহা,বাংলাদেশ হিন্দু বোদ্ধৃ খিষ্টান ঐক্য পরিষদের দর্শনা থানার সাধারন সম্পাদক অন্তত কুমার শান্তারা মঙ্গল প্রমুখ।

এ র্যালিতে শত শত হিন্দু সম্প্রদায়ের নারী-পুরুষ কিশোর-কিশোরী শিশুরা শোভাযাত্রায় অংশ গ্রহণ করেন।

আলমডাঙ্গায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে শোভাযাত্রা-আলোচনা সভা

আলমডাঙ্গায় ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার অনুষ্ঠিত উপজেলা ও পৌর পূজা উদযাপন পরিষদের উদ্যোগে পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা নির্বাহী অফিসার স্নিদ্ধা দাস,থানার ওসি বিপ্লব কুমার নাথসহ অন্যান্য অতিথিবৃন্দের উপস্থিতিতে জন্মাষ্টমির এক বর্ণাঢ্য শোভাযাত্রা সত্যনারায়ন মন্দির প্রাঙ্গণ থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শোভাযাত্রা শেষে রথতলা মন্দির প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি পরিমল কুমার কালু ঘোষ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র হাসান কাদের গনু।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, থানার ওসি (তদন্ত) একরামুল হোসাইন, জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি কিশোর আগরওয়ালা, জেলা আওয়ামী লীগের সাবেক সহ-

সভাপতি ও জেলা পূজা উদযাপন কমিটির সিনিয়র সহ-সভাপতি প্রশান্ত অধিকারী, সহ-সভাপতি সুশীল কুমার ভৌতিকা,জেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক কিশোর কুমার কুন্ডু, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনিন্দ্রনাথ দত্ত, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক।

পৌর হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক পলাশ কুমার আচার্য সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা পূজা উদযাপন পরিষদের সাংগঠনিক সম্পাদক নয়ন সরকার, উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি ডাক্তার অমল কুমার বিশ্বাস, পৌর কাউন্সিলর জরুল ইসলাম স্বপন, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ সাধুখা, পৌর হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি রিপন কুমার বিশ্বাস, সাধারণ সম্পাদক জয় কুমার বিশ্বাস, উপজেলা হিন্দু কল্যাণ ট্রাস্টের প্রতিনিধি বাবু অসীম কুমার সাহা ও উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক কাজী রবিউল হক প্রমুখ। পরে অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযানে গাজাসহ গ্রেফতার ১

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা সুবলপুর রোডে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবিরের নির্দেশে একটি মাদকবিরোধী অভিযান চালায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসএই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে সুবলপুর রোডে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায়।

এই অভিযানের সময় মেহেদী পিতা কায়ছার আলী ক্রোকারিজের দোকানের সামনে পাটাচোরা টু সুবলপুর রোডে পাকা রাস্তার উপর হইতে আজ বুধবার সন্ধা ৬ টা ৩০ মিনিটে একটি পফর ও এক কেজি গাজা সহ আবুল কালাম (৩৮) পিতা আকমান’কে গ্রেফতার করেন ।

গ্রেফতারকৃত আসামিকে দামুড়হুদা মডেল থানায় আজই সোপর্দ করা

হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে বলে জানান পুলিশ।